

# ভূগোল

আজকের বিষয়

তাপমাত্রা

১) বায়ুমন্ডল, পৃথিবীর উষ্ণতা ও তাপের প্রধান উৎস কি?

✓ সূর্য

২) কি কি পদ্ধতিতে সূর্য থেকে তাপ গ্রহণের মাধ্যমে পৃথিবী ও বায়ুমন্ডল উত্তপ্ত হয়?

✓ ক) বিকিরণ (Radiation), খ) পরিবহন (Conduction), পরিচালন (Convection)

৩) বায়ুর উষ্ণতা পরিমাপের যন্ত্রের নাম কি?

✓ থার্মোমিটার

৪) আবহবিদরা কোন থার্মোমিটারের সাহায্যে দিনের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা নির্ণয় করেন?

✓ গরিষ্ঠ ও লঘিষ্ঠ থার্মোমিটার

৫) গড় মাসিক উষ্ণতা কি?

✓ কোনো মাসের প্রতিদিনের গড় উষ্ণতাকে যোগ করে যোগফলকে সেই মাসের দিন সংখ্যা দিয়ে ভাগ করলে যে সংখ্যা পাওয়া যায় তাই হলো গড় মাসিক উষ্ণতা।

৬) উষ্ণতার প্রসর (Range of Temperature)

বলতে কি বুঝানো হয়?

✓ কোনো স্থানের শীতলতম ও উষ্ণতম মাসের গড়

উষ্ণতার পার্থক্যকে বলা হয় উষ্ণতার প্রসর (Range of Temperature)

৭) কোন কোন স্কেলের মাধ্যমে বায়ুর উষ্ণতা পরিমাপ করা হয়?

✓ ক) সেন্টিগ্রেড বা সেলসিয়াস থার্মোমিটার ও খ) ফারেনহাইট থার্মোমিটার।

৮) সমোষ্ণরেখা বা সমতাপ রেখা (Isotherms) বলতে কি বুঝানো হয়?

✓ ভূ – পৃষ্ঠে যে সব জায়গায় বছরের কোনো নির্দিষ্ট সময়ে গড় উষ্ণতা প্রায় একরকম থাকে সেইসব সমান গড় উষ্ণতাবিশিষ্ট স্থানের উপর দিয়ে যদি রেখা টানা হয় সে রেখাকে বলা হয় সমোষ্ণরেখা বা সমতাপ রেখা (Isotherms)।

৯) বায়ুমন্ডলের উষ্ণতার তারতম্যের কারণগুলি কি কি?

✓ ক) সূর্যরশ্মির তাপীয় ফল, খ) অক্ষাংশ, গ) উচ্চতা, ঘ) সমুদ্র থেকে দূরত্ব, ঙ) ভূমিরূপ, চ) বায়ুপ্রবাহ, ছ) সমুদ্রতরঙ্গ, জ) মৃত্তিকার প্রকৃতি, ঝ) উদ্ভিজ্জ, ঞ) মেঘ ও ট) বৃষ্টিপাত।

১০) উষ্ণতার তারতম্যের উপর ভিত্তি করে পৃথিবীকে কয়টি তাপমন্ডলে ভাগ করা যায় ও কি কি?

✓ পৃথিবী পাঁচটি তাপমণ্ডলে বিভক্ত যথা ক) উষ্ণমন্ডল বা গ্রীষ্মমন্ডল, খ) উত্তর নাতিশীতোষ্ণ মন্ডল, গ) দক্ষিণ নাতিশীতোষ্ণ মন্ডল, ঘ) উত্তর হিমমন্ডল ও ঙ) দক্ষিণ হিমমন্ডল।

১১) পৃথিবীর বিভিন্ন তাপমন্ডলের অঞ্চলসমূহ লিখ?

✓ ক) উষ্ণমন্ডল বা গ্রীষ্মমন্ডল :- নিরক্ষরেখা এর উত্তর ও দক্ষিণে সাড়ে ২৩ ডিগ্রী উত্তর ও সাড়ে ২৩ ডিগ্রী দক্ষিণ অক্ষাংশের মধ্যবর্তী অঞ্চল হলো উষ্ণমন্ডল বা গ্রীষ্মমন্ডল।

খ) উত্তর নাতিশীতোষ্ণ মন্ডল:- উত্তর কর্কটক্রান্তি রেখা সাড়ে ২৩ ডিগ্রী অক্ষাংশ থেকে উত্তরে সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত মধ্যবর্তী অঞ্চল হলো উত্তর নাতিশীতোষ্ণ মন্ডল।

গ) দক্ষিণ নাতিশীতোষ্ণ মন্ডল:- দক্ষিণ কর্কটক্রান্তি রেখা সাড়ে ২৩ ডিগ্রী অক্ষাংশ থেকে দক্ষিণে সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত মধ্যবর্তী অঞ্চল হলো দক্ষিণ নাতিশীতোষ্ণ মন্ডল।

ঘ) উত্তর হিমমন্ডল:- উত্তর গোলার্ধে সুমেরুবৃত্ত সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ থেকে উত্তরমেরু ৯০ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত মধ্যবর্তী অঞ্চল হলো উত্তর হিমমন্ডল।

ঙ) দক্ষিণ হিমমন্ডল:- দক্ষিণ গোলার্ধে কুমেরুবৃত্ত সাড়ে ৬৬ ডিগ্রী অক্ষাংশ থেকে দক্ষিণমেরু ৯০ ডিগ্রী অক্ষাংশ পর্যন্ত মধ্যবর্তী অঞ্চল হলো দক্ষিণ হিমমন্ডল।

১২) কোন দুটি তারিখে কর্কটক্রান্তি রেখায় সূর্য লম্বভাবে কিরণ দেয়?

✓ ২১শে মার্চ ও ২৩শে সেপ্টেম্বর

১৩) পৃথিবীর তাপীয়বলয়ের মধ্যে কোন অঞ্চল হিমমন্ডল ও তুন্দ্রা অঞ্চল নামে খ্যাত?

✓ উত্তর গোলার্ধ

১৪) পৃথিবীর তাপীয়বলয়ের মধ্যে কোন অঞ্চল হিমমন্ডল বা চিরতুষারাবৃত অঞ্চল নামে খ্যাত?

✓ দক্ষিণ গোলার্ধ

# সমাপ্ত

## ধন্যবাদ

